“ সফরে সওম পালনে কোন সওয়াব নেই”

জাবের ইবনে আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক সফরে ছিলেন, হঠাৎ তিনি লোকের জটলা এবং ছায়ার
নিচে এক ব্যক্তিকে দেখে জিজ্ঞেস করলেনঃ “এর কী হয়েছে?” লোকেরা বলল, সে সায়িম।
আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “ সফরে সওম পালনে কোন সওয়াব নেই”। মুসলিমের শব্দ হল, “তোমরা আল্লাহর শিথিলতাকে গ্রহণ কর, যেই শিথিলতা তিনি তোমাদের দিয়েছেন”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক সফরে ছিলেন। তিনি দেখলেন, একজন ব্যক্তিকে ঘিরে লোকেরা জড়ো হয়েছে এবং তার ওপর ছায়া দেওয়া হয়েছে সূর্যের প্রচণ্ড তাপ ও তৃষ্ণার কারণে। তিনি জিজ্ঞেস করলেন: ওর কী হয়েছে? তারা বলল: সে সিয়াম রেখেছে। তখন তিনি বললেন: সফরে সিয়াম রাখা পুণ্যের কাজ নয়। তোমরা আল্লাহ্র রুকসত (ছাড়) গ্রহণ করো, যা তিনি তোমাদেরকে দিয়েছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4503